

রাদার ছাড়াই চলছে বিমানবন্দর!

- A Monitor Desk Report

Date: 04 December, 2021



জিম্বাবুয়ের প্রধান বিমানবন্দর রবার্ট মুগাবে ইন্টারন্যাশনাল এয়ারপোর্টে কোনো রাদার সিস্টেম ছাড়াই বিমান অবতরণ করছে।

শুক্রবার প্রকাশিত একটি ভিডিওতে দেশটির একজন আইনপ্রণেতাকে এ কথা বলতে শোনা গেছে।

সংসদের একটি অধিবেশনে অস্কার গোরেরিনো নামের ওই আইনপ্রণেতা ও সংসদের বাজেট কমিটির প্রধান বলেন, পূর্ণাঙ্গ একটি রাদার সিস্টেম ছাড়া এভাবে আমরা চালাতে পারি না। এটা খুবই বিপজ্জনক।

চীনের হার্বার ইকুইপমেন্ট কোম্পানির সঙ্গে রাদার সংক্রান্ত বিষয়ে ইতোমধ্যে আলাপ-আলোচনা শুরু করেছে জিম্বাবুয়ে।

জিম্বাবুয়ের সংসদের এই বাজেট কমিটি জানতে পেরেছে রাদার সিস্টেমসহ বিমানবন্দরের উন্নয়নে দ্য এক্সপোর্ট-ইমপোর্ট ব্যাংক অব চায়না জিম্বাবুয়েকে ১৫ কোটি মার্কিন ডলারের বেশি ঋণ দিয়েছে।

কিন্তু জিম্বাবুয়ের বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ বলছে, তাদের কাছে রয়েছে মাত্র ১৫ লাখ মার্কিন ডলার।

আর কমিটি বলছে নতুন রাদার কিনতে ৩০ লাখ মার্কিন ডলারের বেশি প্রয়োজন হবে।

গোরেরিনো বলেন, অকার্যকর একটি রাদার সিস্টেম একটা জাতির জন্য খুবই বিপজ্জনক।

উল্লেখ্য যে, গত দুই দশক ধরে জিম্বাবুয়ের অর্থনীতি নানা সমস্যায় জর্জরিত।